গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অনুদান সংক্রান্ত ০৩ (তিন) টি খসড়া নীতিমালা চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী:**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব-উল-আলম<br>সচিব |
| সভার তারিখ | ৩০ সেপ্টেম্বর, ২০২৫ |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মো: সেলিম ফকির, এনডিসি, অতিরিক্ত সচিব (ক্রীড়া-১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সভার আলোচ্যসূচি মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর আওতাধীন জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অনুদান সংক্রান্ত ০৩ (তিন)টি খসড়া নীতিমালাসহ সংশ্লিষট তথ্যাদি পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০২। জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫ এর সিদ্ধান্ত সমূহঃ

(ক) এই নীতিমালা **‘জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫’** নামে অভিহিত হবে।

(খ) জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫-এর বিধি-২ এর (ঙ)-তে **‘ক্রীড়া সাংবাদিক’ অর্থ- কোন ব্যক্তি যিনি ক্রীড়া বিষয়ে লেখক, ক্রীড়া ধারাভাষ্যকার, খেলাধুলা বিষয়ক প্রতিবেদন তৈরি করেন এবং ক্রীড়া প্রতিযোগিতা ও সংশ্লিষ্ট বিষয় নিয়ে তথ্য সংগ্রহ করে সংবাদপত্র, প্রিন্ট অথবা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের কাজে নিয়োজিত আছেন’** সন্নিবেশিত হবে।

(গ) জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫-এর বিধি-৩ এর (চ)-তে ‘ক্রীড়া সাংবাদিকদের ক্ষেত্রেঃ যে সকল ক্রীড়া সাংবাদিক কমপক্ষে ৭ (সাত) বছর **‘প্রিন্ট বা ইলেক্ট্রনিক মিডিয়ায়’** ক্রীড়ার মান উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন বা রাখছেন হবে।

(ঘ) জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫-এর বিধি-৮ এর (ক) জাতীয় জাতীয় ক্রীড়া ভাতা প্রদান জেলা বাছাই কমিটি-এর ৩ নং ক্রমিকে **‘সিভিল সার্জন’** সন্নিবেশিত হবে।

(ঙ) জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫-এর বিধি-১১-তে **‘এই নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় ফাউন্ডেশনের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে নিস্পত্তি করা যাবে।’** সন্নিবেশিত হবে।

(চ) জাতীয় ক্রীড়া ভাতা নীতিমালা, ২০২৫-এর বিধি-১২-তে **‘ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের সুপারিশের ভিত্তিতে সরকার এই নীতিমালা সংশোধন/ পরিবর্তন/ সংযোজন ও পরিমার্জন করা যাবে।’** সন্নিবেশিত হবে।

০৩। চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা,২০২৫ এর সিদ্ধান্ত সমূহঃ

(ক) এই নীতিমালা **‘চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫’** নামে অভিহিত হবে।

(খ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-২ এর (ঙ)-তে **‘ক্রীড়া সাংবাদিক’ অর্থ- কোন ব্যক্তি যিনি ক্রীড়া বিষয়ে লেখক, ক্রীড়া ধারাভাষ্যকার, খেলাধুলা বিষয়ক প্রতিবেদন তৈরি করেন এবং ক্রীড়া প্রতিযোগিতা ও সংশ্লিষ্ট বিষয় নিয়ে তথ্য সংগ্রহ করে সংবাদপত্র, প্রিন্ট অথবা ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের কাজে নিয়োজিত আছেন’** সন্নিবেশিত হবে।

(গ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-৩ এর (চ)-তে ‘ক্রীড়া সাংবাদিকদের ক্ষেত্রেঃ যে সকল ক্রীড়া সাংবাদিক কমপক্ষে ৭ (সাত) বছর **‘প্রিন্ট বা ইলেক্ট্রনিক মিডিয়ায়’** ক্রীড়ার মান উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন বা রাখছেন সন্নিবেশিত

হবে।

(ঘ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-৫-এর কমিটিঃ, (ক) চিকিৎসা ও আর্থিক সহায়তা বিষয়ক বাছাই কমিটি-এর ক্রমিক নং ২-এ 'অতিরিক্ত সচিব**/যুগ্মসচিব'** উল্লেখ করতে হবে।

(ঙ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-৫-এর কার্যাবলির (১)-তে **'দুরারোগ্য ব্যাধিকে অগ্রাধিকার দিয়ে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তাঁর পরিবারকে সহায়তা প্রদানের সুপারিশ করা; এবং'** সন্নিবেশিত হবে।

(চ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-৫-এর কার্যাবলির (২)-তে **'চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রাপ্ত ক্রীড়াসেবীদের অর্থের পরিমানসহ তালিকা পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা; এবং'** সন্নিবেশিত হবে।

(ছ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-৯ এর খ, গ, ঘ এবং ঙ-তে নিম্নবর্ণিত শব্দগুলো সন্নিবেশিত হবে:

**(খ) ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক প্রাপ্ত আবেদনপত্র/আবেদনপত্রসমূহ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নেতৃত্বে গঠিত বাছাই কমিটির সভায় উপস্থাপন করবেন;**

**(গ) আবেদনের গুরুত্ব ও তহবিলের পর্যাপ্ততা বিবেচনাক্রমে বাছাই কমিটি সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা পর্যন্ত সুপারিশ করতে পারবেন, যা ফাউন্ডেশনের পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদন করা হবে;**

**(ঘ) একজন ক্রীড়াসেবী বা তাঁর পরিবার সমগ্র জীবনে একবার চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রাপ্য হবেন, তবে বিশেষ বিবেচনার মাধ্যমে বাছাই কমিটি পুনরায় চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সুপারিশ করতে পারবেন;**

**(ঙ) জরুরী ভিত্তিতে ক্রীড়াবিদ ও তাঁর পরিবারকে চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সুপারিশ করা।**

(জ) চিকিৎসা ও আর্থিক সহায়তা নীতিমালা, ২০২৫-এর বিধি-১০-তে **'এই নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় ফাউন্ডেশনের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা যাবে।'** সন্নিবেশিত হবে।

০৩। ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা,২০২৫ এর সিদ্ধান্ত সমূহঃ

(ক) এই নীতিমালা **'ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা,২০২৫'** নামে অভিহিত হবে

(খ) ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৫-এর বিধি-৮ এর (ক) ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানে জেলা যাচাই-বাছাই কমিটি-এর **'৩** নং ক্রমিকে **'সিভিল সার্জন'** সন্নিবেশিত হবে।

(গ) ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা,২০২৫ -এর বিধি-১৩-তে **'এই নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় ফাউন্ডেশনের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা যাবে।'** সন্নিবেশিত হবে।

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

১৪-১০-২০২৫
মোঃ মাহবুব-উল-আলম
সচিব

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৭১.০৪.০০০৮.২৫.৬৪৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।

৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৬। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৭। সচিব, সচিবের দপ্তর, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
৯। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড।
১০। নির্বাহী চেয়ারম্যান, নির্বাহী চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।
১১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), জাতীয় ক্রীড়া পরিষদ।
১৩। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৪। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালকের দপ্তর, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।
১৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
১৬। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। অফিস কপি, মাস্টার কপি।

১৪-১০-২০২৫
এ কে এম গোলাম মোর্শেদ খান
সিনিয়র সহকারী সচিব